

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
বাজিতপুর, কিশোরগঞ্জ।

**ভর্তি বিজ্ঞপ্তি**


দেশের বেকার যুবদের কর্মসংস্থান এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বাজিতপুর, কিশোরগঞ্জ কর্তৃক আয়োজিত নিম্নবর্ণিত অনাবাসিক প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য বেকার যুবক ও যুবমহিলাদের নিকট থেকে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্সের নাম	প্রশিক্ষণ কোর্সের মেয়াদ	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	কোর্সের ধরন	আসন সংখ্যা	দরখাস্ত ছমা দেয়ার শেষ তারিখ	স্বাক্ষাৎকারের তারিখ	ভর্তির তারিখ	প্রশিক্ষণ শুরুর তারিখ
কম্পিউটার ও নেটওয়ার্কিং বিষয়ক প্রশিক্ষণ	২ মাস	যুবক- এইচ এস সি পাশ যুব মহিলা-এস এস সি পাশ	অনাবাসিক	মোট ৪০ যুবক-২০ যুব মহিলা- ২০	২০/০২/২০২৩	২২/০২/২০২৩	২৬/০২/২০২৩	০২/০৩/২০২৩

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী এবং প্রশিক্ষণের শর্তাবলী নিম্নরূপ:**

- ০১। বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বছর এবং বেকার যুবক ও যুবমহিলা হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- ০২। যুব সংগঠন কর্তৃক মনোনীত প্রার্থীকে নির্বাচনের বিষয় অগ্রাধিকার দেয়া হবে।
- ০৩। অফিস কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত আবেদনপত্রে আবেদন দাখিল করতে হবে।
- ০৪। আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্রের (NID) ছায়ালিপি (গ) জন্ম নিবন্ধনের ছায়ালিপি (ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌর কমিশনার কর্তৃক নাগরিকত্ব সনদের ছায়ালিপি (ঙ) সদ্য তোলা ২কপি পাসপোর্ট ও ১ কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে। স্বাক্ষাৎকারের সময় মূল সনদপত্র সমূহ সঙ্গে আনতে হবে।
- ০৫। আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বরাবরে দাখিল করতে হবে।
- ০৬। স্বাক্ষাৎকারের জন্য কোন আলাদাপত্র ইস্যু এবং কোন প্রকার ভাতা প্রদান করা হবেনা। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৭। প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ শেষে প্রতি কর্মদিবসের জন্য জনপ্রতি ২০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা/যাতায়াতভাতা প্রদান করা হবে।
- ০৮। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণের নিয়ম-শৃঙ্খলা বাধ্যতামূলকভাবে মেনে চলতে হবে।

আগামী ২২/০২/২০২৩ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে স্বাক্ষাৎকার অনুষ্ঠিত হবে।

  
উপজেলা নির্বাহী অফিসার  
বাজিতপুর, কিশোরগঞ্জ।

ও

সভাপতি


উপজেলা পর্যায়ে প্রশিক্ষণার্থী বাছাই কমিটি

তারিখ- ০২/০২/২৩

স্মারক নং-৩৪.০১.৪৮০৬.০০০.১৮.১৮৫.২৩- ০৭

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ -০৫।
- ০২। পরিচালক/প্রকল্প পরিচালক ..... যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ০৪। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কিশোরগঞ্জ।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ০৬। মেয়র, বাজিতপুর পৌরসভা, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ০৮। ..... বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ০৯। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ১০। নোটিশ বোর্ড |
- ১১। অফিস নথি।

  
(মোঃ মাহফুজুর রহমান)  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
যুব উন্নয়ন অধিদপ্তর  
বাজিতপুর, কিশোরগঞ্জ।